

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর।
tcfraipur@gmail.com

স্মারক নং :- ১৩.০৩.৫১৫৮.০০৩.৫৭.০১১.২০ - ১০৫

তারিখ :- ২৪/০৭/২১ ইং

ও এম এস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি :

খাদ্য অধিদপ্তর ঢাকার স্মারক নং -১৩.০১. ০০০০.০৫২.৫৭.০১৪.১৯-৪৪৯ তারিখ : ১৮/০৭/২১ খ্রি: মোতাবেক অত্র রায়পুর উপজেলা “ক” শ্রেণী ভুক্ত পৌরসভা হওয়ায় বিদ্যমান ০৩(তিন)জন ও এম এস ডিলারের বাইরে অত্র রায়পুর উপজেলায় আরো ০১ (এক) জন “ও এম এস” ডিলার নিয়োগ করা হবে। নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন অগ্রহী প্রার্থীকে আগামী ২৬/০৭/২০২১ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর রায়পুর, অফিস চলাকালীন সময়ে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ০১। আবেদন কারীকে বাংলাদেশের নাগরিক/জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত হতে হবে এবং বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
 - ০২। আবেদন কারীকে প্রতিষ্ঠিত মুদি দোকানদার /চালের খুচরা দোকানদার /সাধারণ ব্যবসায়ী হতে হবে।
 - ০৩। আবেদন কারীর একসাথে কমপক্ষে ০২ মে:টন খাদ্য শস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
 - ০৪। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্য শস্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
 - ০৫। আবেদন কারীকে পৌরসভা /ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
 - ০৬। আবেদন কারীকে আর্থিক দিক থেকে স্বচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
 - ০৭। আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ৩ কপি।
 - ০৮। নিয়োগ প্রাপ্ত ডিলারকে খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসার জন্য প্রযোজ্য ফি দিয়ে ডিলারশীপের লাইসেন্স গ্রহন করতে হবে।
- যেকোন আবেদন বাতিল কিংবা সকল আবেদন বাতিল অথবা নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা উপজেলা “ও এম এস” কমিটি সংরক্ষণ করেন।




(রাজীব চন্দ্র রায়)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ:দা:)
রায়পুর, লক্ষ্মীপুর
ও সদস্য সচিব
উপজেলা ও এম এস কমিটি

স্মারক নং :- ১৩.০৩.৫১৫৮.০০৩.৫৭.০১১.২০ - ১০৫

তারিখ :- ২৪/৭/২০২১ ইং

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ১। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর ও সভাপতি উপজেলা ও এম এস কমিটি।
- ২। উপজেলা চেয়ারম্যানের মনোনীত প্রতিনিধি।
- ৩। সংশ্লিষ্ট পৌরসভার মেয়রের প্রতিনিধি /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা, রায়পুর।
- ৫। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়পুর।
- ৬। ০২ জন স্থানীয় গন্য মান্য ব্যক্তি (মাননীয় সংসদ সদস্যর পরামর্শক্রমে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব ও এম এস কমিটি, রায়পুর।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
রায়পুর, লক্ষ্মীপুর।